



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মৎস্য অধিদপ্তর
খুলনা বিভাগ, খুলনা

নম্বর: ৩৩.০২.০০০০.৩০৪.৪৮.০০১.২২.৪৬৬

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
১২ মে ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আবহাওয়া অধিদপ্তরের সর্বশেষ বার্তা অনুযায়ী ঘূর্ণিঝড় ‘মোখা’ রবিবার দুপুর নাগাদ উপকূলে আঘাত হানতে পারে। ঘূর্ণিঝড় এর প্রভাবে উপকূলীয় এলাকায় জলোচ্ছ্বাসের সম্ভবনা থাকে। এতে পুকুর/ঘের প্লাবিত হওয়াসহ অন্যান্য মৎস্য সম্পদ ও মৎস্যজীবীদের জানমালের ক্ষতির আশংকা থাকে। এমতাবস্থায় সংশ্লিষ্ট এলাকার কর্মকর্তাগণকে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হ’ল।

- ১। উপকূলীয় বিভাগ, জেলা ও উপজেলাসমূহের কর্মকর্তা/কর্মচারীগণকে সতর্কতার সাথে সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থান করা;
- ২। ঘূর্ণিঝড় ‘মোখা’ এর প্রভাবে পুকুর/ঘের প্লাবিত হয়ে মাছ, চিংড়ি, কঁকড়া ভেসে যাওয়া ও অন্যান্য অবকাঠামোগত ক্ষতি রোধে খামারীগণকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে পরামর্শ প্রদান করা;
- ৩। জেলা ও উপজেলা ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে সমন্বয়পূর্বক আবহাওয়া অধিদপ্তর এর সর্বশেষ পূর্বাভাস বার্তা মৎস্যজীবী ও মৎস্যচাষীদের মাঝে প্রচারের ব্যবস্থা করা;
- ৪। উপকূলীয় এলাকায় ও গভীর সমুদ্রে মাছ ধরা নৌকা ও ট্রলারসমূহকে নিরাপদ আশ্রয়ে থাকার পরামর্শ প্রদান করা;

১২-০৫-২০২৩
মোঃ জাহাঙ্গীর আলম
উপপরিচালক

নম্বর: ৩৩.০২.০০০০.৩০৪.৪৮.০০১.২২.৪৬৬/১ (৮)

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
১২ মে ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ২। উপপরিচালক (মৎস্যচাষ), উপপরিচালক (মৎস্যচাষ) এর দপ্তর, মৎস্য অধিদপ্তর;
- ৩। জেলা মৎস্য অফিসার, খুলনা;
- ৪। জেলা মৎস্য অফিসার, সাতক্ষীরা;
- ৫। জেলা মৎস্য অফিসার, বাগেরহাট;
- ৬। জেলা মৎস্য অফিসার, যশোর;
- ৭। জেলা মৎস্য অফিসার, নড়াইল/মাগুরা/ঝিনাইদহ/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর এবং
- ৮। আঞ্চলিক মৎস্য অফিসার, ডিএফটিসি, কালীগঞ্জ, সাতক্ষীরা।



১২-০৫-২০২৩
মোঃ জাহাঙ্গীর আলম
উপপরিচালক